

প্রেস বিজ্ঞপ্তি

নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০০১.২০১৪ (অংশ-১)/১৩২

তারিখ : ১৪.১২.২০১৬ খ্রি.

৩৩তম বিসিএস-এর লিখিত ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশপ্রাপ্ত নন এমন প্রার্থীদের মধ্য হতে নন-ক্যাডার প্রথম শ্রেণির পদে চূড়ান্ত ফলাফল প্রকাশ সংক্রান্ত কমিশনের ৩১.০৩.২০১৪ তারিখের প্রেস বিজ্ঞপ্তিতে তথ্য বিভ্রাট/প্রশাসনিক কারণে রেজিস্ট্রেশন নম্বর-০২৮৯৯০ এর ফলাফল/সুপারিশ কমিশন কর্তৃক স্থগিত রাখা হয়েছিল। পরবর্তীতে উক্ত প্রার্থী কমিশনে সংশ্লিষ্ট কাগজপত্র/সনদপত্র/ডকুমেন্ট দাখিল করেন। প্রার্থী কর্তৃক দাখিলকৃত কাগজপত্র প্রাথমিকভাবে বিবেচনায় নিয়ে এবং মুক্তিযোদ্ধা সনদের বিষয়ে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত নিয়োগের পূর্বে প্রার্থীকে নিম্নোক্ত অংগীকারনামা প্রদানের শর্তে কমিশন তার ফলাফল প্রকাশের সিদ্ধান্ত গ্রহণ করে :

“এ জাতীয় গেজেট ও সনদ জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিল কর্তৃক যাচাই বাছাই এর আওতাধীন রয়েছে। যাচাই বাছাইঅন্তে বিরূপ কোনো মন্তব্য পাওয়া না গেলে তার সনদ নিয়মিত প্রত্যয়নের বিষয় বিবেচনা করা যেতে পারে। এ প্রত্যয়নের ভিত্তিতে মুক্তিযোদ্ধার প্রাপ্য সুবিধা প্রদান করা যাবে। সেক্ষেত্রে কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এ মর্মে অংগীকারনামা গ্রহণ করতে পারেন যে, চূড়ান্ত যাচাই বাছাইয়ে মুক্তিযোদ্ধার সঠিকতা সম্পর্কে বিরূপ কোনো তথ্য পাওয়া গেলে গৃহীত সমুদয় সুবিধা প্রত্যাপন করতে বাধ্য থাকবে।”

মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক প্রদত্ত উপরোক্ত শর্তমতে কমিশন কর্তৃক মুক্তিযোদ্ধা কোটায় সাময়িকভাবে (provisionally) সুপারিশকৃত ১ (এক) জন প্রার্থীর পদের নাম ও রেজিস্ট্রেশন নম্বর নিম্নে দেয়া হলো :

পরিবেশ ও বন মন্ত্রণালয়ের অধীন পরিবেশ অধিদপ্তর।

পদের নাম : সহকারী পরিচালক (কারিগরি)

রেজিঃ নম্বর- ০২৮৯৯০ = ১ জন।


২. পরবর্তীকালে যে কোনো সময় প্রার্থীর যোগ্যতার ঘাটতি ধরা পড়লে, দুর্নীতি, অসত্য তথ্য প্রদান, জালিয়াতি বা অন্য কোনো ক্ষেত্রে যেমন চাহিদাকৃত কাগজপত্রাদির ঘাটতি থাকলে বা কোনো গুরুতর (substantive) ভুল-ত্রুটি পরিলক্ষিত হলে তার সুপারিশ বাতিল বলে গণ্য হবে। তাছাড়া ক্ষেত্র বিশেষে সংশ্লিষ্ট প্রার্থীকে ফৌজদারি আইনে সোপর্দ করা যাবে এবং চাকুরিতে নিয়োগের পর এরূপ কোনো তথ্য প্রকাশ হলে তাকে চাকুরি হতে বরখাস্ত ছাড়াও তার বিরুদ্ধে যে কোনো উপযুক্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা যাবে। মেডিকেল বোর্ড কর্তৃক স্বাস্থ্য পরীক্ষায় যোগ্য ঘোষণা ও যথাযথ এজেন্সি কর্তৃক প্রাক নিয়োগ জীবন-বৃত্তান্ত যাচাই এর পর সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ প্রার্থীকে নিয়োগ প্রদান করবে।

৩. উল্লেখ্য, নিয়োগের পূর্বে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০৮.০৬.২০১৫ তারিখের ৪৮.০০.০০০০.০০৩.১৭.০২০.২০১২/৩৭৬ নং পত্রের সিদ্ধান্ত অনুযায়ী মুক্তিযোদ্ধা কোটায় সুপারিশপ্রাপ্ত প্রার্থীর তথ্য এবং মুক্তিযোদ্ধা সনদ যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় হতে যাচাই বাছাইপূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ কার্যক্রম গ্রহণ করবে। নিয়োগের পূর্বে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ১৯.০৯.২০১৬ তারিখের ৪৮.০০০০.০০২.১১.৪২০৯.২০১৬/১৩২৪ নং পত্রে প্রদত্ত শর্ত অনুযায়ী প্রার্থীর নিকট হতে অংগীকারনামা গ্রহণ পূর্বক নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ কার্যক্রম গ্রহণ করবে।

১৩/১২/১৬

৪. প্রার্থী কর্তৃক আবেদনপত্রের সাথে প্রদত্ত তথ্য, ডকুমেন্টস, সনদ ইত্যাদি আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত অংগীকারনামার ভিত্তিতে প্রাথমিকভাবে বিবেচনায় নিয়ে কমিশন এই শর্তে প্রার্থীকে সাময়িকভাবে সুপারিশ করেছে যে, নিয়োগের পূর্বে নিয়োগকারী কর্তৃপক্ষ সরকারী সিদ্ধান্ত অনুযায়ী যথাযথ এজেন্সির মাধ্যমে তদন্তের ভিত্তিতে কাগজপত্রের সত্যতা যাচাইপূর্বক নিশ্চিত হয়ে চূড়ান্ত নিয়োগের কার্যক্রম গ্রহণ করবে।

৫. প্রেস বিজ্ঞপ্তিটি কমিশনের www.bpsc.gov.bd ওয়েবসাইট-এ পাওয়া যাবে।



(আ.ই.ম নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

নং- ৮০.২০০.০৬৪.০০.০০.০০১.২০১৪ (অংশ-১)/৩৩২(২০)

তারিখ : ১৪ .১২.২০১৬ খ্রি.

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

১. প্রধান তথ্য অফিসার, তথ্য মন্ত্রণালয়, ক্লিনিক ভবন, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(সকল দৈনিক সংবাদপত্রে জরুরি ভিত্তিতে প্রকাশ করার জন্য এবং বেতার ও টেলিভিশন মারফত সংবাদ অনুষ্ঠানে ঘোষণার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)। প্রেস বিজ্ঞপ্তির ৪ টি অতিরিক্ত কপি সংযুক্ত করা হলো।
২. মুখ্য বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)।
৩. বার্তা নিয়ন্ত্রক, বাংলাদেশ বেতার, আগারগাঁও, ঢাকা (বিষয়টি সংবাদ অনুষ্ঠানে ঘোষণা করতে তাঁকে অনুরোধ করা যাচ্ছে)।
৪. বার্তা সম্পাদক,
বিষয়টি আপনার চ্যানেল-এ মূল নিউজ হিসেবে বারবার প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
৫. সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (কমিশন ওয়েবসাইটে প্রেস বিজ্ঞপ্তিটি আপলোড করার জন্য তাঁকে অনুরোধ করা হলো)।
৬. জনসংযোগ কর্মকর্তা, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয় (তাকে প্রেস বিজ্ঞপ্তিটি প্রকাশের ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হলো)।


(আ.ই.ম নেহার উদ্দিন)
পরীক্ষা নিয়ন্ত্রক (ক্যাডার)

